ইত্তেফাক

তারিখ ... 14/10/78 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ...

036

## ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি প্রসঙ্গে

আমরা যাহারা ১৯৭৮ সনে এইচ,এস,সি পরীক্ষায় পাস করিয়াছি এবং ইঞ্জিনিয়ারিং পড়ার ইচ্ছা পোষণ করিতেছিলাম, তাহারা এখন অনিশ্চয়তার মধ্যে দিন যাপন করিতেছি। কারণ, রাজশাহী ও খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজে একই তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইতে যাইতেছে। ফলে, আমরা এই দুইটির যে কোন একটায় ভর্তি পরীক্ষা দিতে পারিব। অথচ খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজের ভর্তি পরীক্ষার সময়সূচী একটু পরিবর্তন করিলেই আমরা উভয় কলেজেই ভর্তি পরীক্ষা দিতে পারিব।

তাহাছাড়া উক্ত কলেজ দুইটিতে এইচ, এস, সি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে উচ্চমার্ক অনুযায়ী কিছু সংখ্যক পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে। ফলে কোন পরীক্ষার্থী ঢাকা, সিলেট ও দেশের অন্যান্য দূরবর্তী স্থান হইতে ভর্তি পরীক্ষার জন্য প্রস্তুতি লইয়া নির্দিষ্ট স্থানে গিয়া যদি দেখে যে, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না, তখন তাহাদের অবস্থাটা যে কি হইবে তাহা সহজেই অনুমেয়।

কাজেই আমরা যাহারা রাজশাহী ও খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তির জন্য আবেদন করিয়াছি তাহাদের সকলকে অন্ততঃ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার সুযোগ দেওয়ার জন্য পরীক্ষার তারিখ পরিবর্তন করা হউক।

—মজিবর, সোহরাব, শাহনাওয়াজ রহিম, রফিক ও সালাম
ঢাকা।